



ঢাকা বিশ্ববিদ্যালয়  
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ  
প্রযুক্তি ইউনিট

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউট  
২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম

**ভর্তি বিজ্ঞপ্তি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের তত্ত্বাবধানে পরিচালিত সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে (ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, এবং বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ) এবং বেসরকারি ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট/কলেজসমূহে (ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার), সাভার, ঢাকা, শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মোহাম্মদপুর, ঢাকা, এবং কে এম হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, এবং ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য প্রার্থীদের নিকট থেকে ১৫ জুলাই ২০২২ হতে ৮ আগস্ট ২০২২ তারিখের মধ্যে অনলাইনে প্রযুক্তি ইউনিটের মাধ্যমে (<https://collegeadmission.eis.du.ac.bd>) দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদন ফি ৭০০/- (সাতশত) টাকা যা ৮ আগস্ট ২০২২ রাত ১১.৫৯ টা পর্যন্ত জমা দেওয়া যাবে। ভর্তি ইচ্ছুক প্রার্থীর ২০১৬ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২১ সালে বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান/কৃষিবিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা বিজ্ঞান শাখায় IAL/A-Level বা সমমানের বিদেশী ডিগ্রিধারী থাকতে হবে। IGCSE/O-Level এবং IAL/A-Level বা বিদেশী ডিগ্রিধারীদেরকে ভর্তি নির্দেশিকায় উল্লেখিত লিংক ব্যবহার করে সমতা নিরূপণ করতে হবে। প্রার্থীর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল হতে হবে ন্যূনতম ৬.৫০ এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রতিটিতে জিপিএ ন্যূনতম ৩.০০ থাকতে হবে। প্রার্থীর উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন, ও গণিত বিষয় থাকতে হবে। ভর্তি পরীক্ষা আগামী ২ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ১০.০০ টায় ঢাকায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় এমসিকিউ (MCQ) পদ্ধতিতে মোট ১২০টি প্রশ্নের জন্য মোট ১২০ নম্বর (পদার্থ-৩৫, রসায়ন-৩৫, গণিত-৩৫, এবং ইংরেজী-১৫) থাকবে। ভর্তির সাধারণ নিয়মাবলী ও ভর্তি নির্দেশিকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (<https://collegeadmission.eis.du.ac.bd>)-এ পাওয়া যাবে।

অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু

ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ

এবং সমন্বয়কারী, প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষা ২০২১-২০২২ শিক্ষাবর্ষ

ঢাকা বিশ্ববিদ্যালয়।